# AKASHVANI (Kolkata)

## Regional News

## 26-03-24
## 7.50 P.M.
## Evening Regional News

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ কেন্দ্রীয় বাহিনীর ‘রুট মার্চ’ নিয়ে সরাসরি অভিযোগ জানানোর ব্যবস্থা করেছে নির্বাচন কমিশন।

# ভরা গ্রীষ্মে ভোটপর্ব চলাকালীন বুথে ভোটারদের জন্য বিশেষ বন্দোবস্ত করতে বলা হয়েছে।

২/ মুখ্যমন্ত্রী সম্পর্কে কু-মন্তব্য করার জন্য দিলীপ ঘোষের বিরুদ্ধে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে তৃণমূল কংগ্রেস।
৩/ বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থীর সঙ্গে আজ সরাসরি টেলিফোনে কথা বলেছেন প্রধানমন্ত্রী।
৪/ তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে হিংসার অভিযোগ জানাতে বিরোধী দলনেতা আজ রাজভবনে যান।

৫/ বরানগর ও ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে বিজেপি, প্রার্থীর নাম ঘোষণা করেছে।

*****************************************************************

কেন্দ্রীয় বাহিনীর রুটমার্চ নিয়ে অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন এবার এ সংক্রান্ত সমস্ত তথ্য ওয়েবসাইটের মাধ্যমে রাজনৈতিক দল ও সাধারণ মানুষের সামনে তুলে ধরছে।

<u>ceowestbengal.nic.in</u> ওয়েবসাইটে রুটমার্চ অপশনে ক্লিক করলেই যে কেউ কেন্দ্রীয় বাহিনীর রুটমার্চ সম্পর্কে জানতে পারবেন। যদি কোনও ব্যক্তি বা দলের মনে হয়, নির্দিষ্ট কোনও জায়গায় রাজ্য পুলিশ কেন্দ্রীয় বাহিনীকে নিয়ে যাচ্ছে না, বা রুট মার্চ করাচ্ছে না, তাহলে জেলা নির্বাচনী আধিকারিকের কাছে তিনি বা দল সরাসরি অভিযোগ জানাতে পারবেন।
জানা গেছে, কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চ নিয়ে কমিশনের কাছে অনেক অভিযোগ আসছে। প্রশ্ন উঠছে পুলিশের ভূমিকা নিয়ে। এই পরিস্থিতিতে কেন্দ্রীয় বাহিনীর রুটমার্চে স্বচ্ছতা আনতে সমস্ত তথ্য ওয়েবসাইটের মাধ্যমে সাধারণ মানুষ এবং রাজনৈতিক দলগুলোর কাছে এই প্রথম তুলে ধরতে শুরু করল কমিশন।
আগেই জানানো হয়েছে, রাজ্যে প্রতিদিন কোথায়, কত কেন্দ্রীয় বাহিনী ব্যবহার করা হচ্ছে, আগামী শুক্রবার থেকে প্রতিদিন স্বরাষ্ট্রমন্ত্রককে তা রিপোর্ট আকারে পাঠাতে হবে বলে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে। সকাল ১০ টায় বাহিনীর সমন্বয়কারী অফিসারকে এই রিপোর্ট পাঠাতে হবে।

এপ্রিলের শুরুতেই আরও ২৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসছে। আগেই রাজ্যে এসেছে ১৫০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।

*******************

ভরা গ্রীষ্মে দেশ জুড়ে ৭ দফায় লোকসভা ভোটপর্ব চলবে। তাপপ্রবাহের সতর্কতার প্রেক্ষিতে নির্বাচন কমিশন, সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের উদ্দেশে অ্যাডভাইসরি জারি করেছে। এতে বলা হয়েছে, প্রচন্ড গরমে সাধারণ ভোটার ও ভোটকর্মীরা যাতে অসুস্থ হয়ে না পড়েন, সেজন্য এক তলায় ভোটকেন্দ্র করতে হবে। পাহাড়ি এলাকা বাদে কোনো ভোটারকে যাতে ভোট দেওয়ার জন্য দু কিলোমিটারের বেশি যেতে না হয়, তা নিশ্চিত করতে হবে। প্রতিটি ভোটকেন্দ্রে পর্যাপ্ত পানীয় জল ও ছাউনির ব্যবস্থা করতে বলেছে কমিশন। প্রবীণ, অন্তঃসত্ত্বা ও দিব্যাংগ ভোটারদের

জন্য রাখতে হবে বসার ব্যবস্থা। কারও সানস্ট্রোক হলে প্রাথমিক চিকিৎসার জন্য ORS-এর মতো পানীয় রাখারও পরামর্শ দেওয়া হয়েছে।

*******************

তৃণমূল কংগ্রেস, বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষের বিরুদ্ধে নির্বাচন কমিশনের কাছে দলের সর্বোচ্চ নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সম্পর্কে অবমাননাকর মন্তব্যের অভিযোগ জানিয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিককে লেখা চিঠিতে বলা হয়েছে, একজন প্রতিষ্ঠিত রাজনৈতিক ব্যক্তিত্বের মর্যাদাহানি করেছে দিলীপ ঘোষের ওই মন্তব্য। এটা শুধু যে তাঁকে খাটো করার উদ্দেশ্যে বলা হয়েছে তাই নয়, সরাসরি তাঁর ব্যক্তিগত চরিত্র এবং শালীনতাকে আক্রমণ করা হয়েছে, যা আদর্শ আচরণবিধির ঘোর পরিপন্থী। কমিশনের কাছে দিলীপ ঘোষের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে তৃণমূল কংগ্রেস।

এই অভিযোগের প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর, পশ্চিম বর্ধমানের জেলাশাসকের কাছে রিপোর্ট তলব করেছে। রিপোর্ট এলেই নির্বাচন কমিশনের কাছে তা' পাঠানো হবে বলে জানিয়েছে দপ্তর।

মুখ্যমন্ত্রী সম্পর্কে দিলীপ ঘোষের কুরুচিকর মন্তব্যের কড়া সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস। দলের মুখপাত্র, মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, নারীর সম্মান নিয়ে প্রধানমন্ত্রী অনেক কথা বলেন, অথচ তাঁর'ই দলের একজন, মহিলা মুখ্যমন্ত্রী সম্পর্কে অবমাননাকর কথা বলছেন। নারীশক্তিকে পদে পদে অসম্মান করছে বিজেপি। বিষয়টি নিয়ে আগামীকাল তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের কাছে যাবে বলে জানিয়েছেন তিনি।

(বাইট- চন্দ্রিমা)

দিলীপ ঘোষের কু-মন্তব্যের প্রতিবাদে আজ দুর্গাপুরে বিক্ষোভ মিছিল করে তৃণমূল কংগ্রেস।

*******************

সন্দেশখালি আন্দোলনের অন্যতম প্রতিবাদী মুখ, বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী, রেখা পাত্রকে 'শক্তি স্বরূপা' বলে সম্বোধন করেছেন দলের শীর্ষ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ টেলিফোনে রেখার সঙ্গে প্রায় ১০ মিনিট কথা বলেন তিনি। যেভাবে শাসকদলের অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন তিনি, রেখার ভূয়সী প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, তাঁর এই লড়াইয়ের পাশে রয়েছে বিজেপির গোটা পরিবার।

( বাইট- মোদী )

*******************

তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে হিংসার অভিযোগ জানাতে বিজেপি রাজ্যপালের দ্বারস্থ হয়েছে। কলকাতায় আজ সন্ধ্যায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজভবনে রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেন। পরে সাংবাদিকদের কাছে তিনি অভিযোগ করেন, ভোট ঘোষণার পর থেকে রাজ্যের বিভিন্ন জায়গায় শাসকদলের আশ্রিত দুষ্কৃতীরা বিজেপি কর্মীদের উপরে হামলা চালাচ্ছে। পিংলায় দলীয় কর্মীকে নৃশংসভাবে হত্যা এবং ক্যানিংয়ে দলের বৈঠকে বিজেপি কর্মীদের ওপর আক্রমণের ঘটনা সম্পর্কে রাজ্যপালকে জানিয়েছেন তিনি। পিংলায় মৃত বিজেপি কর্মীর বাড়িতে যাওয়ার দাবিও জানিয়েছেন।

( বাইট- শুভেন্দু)

শ্রী অধিকারী বলেন, শাসক দলের আশ্রিত দুষ্কৃতীরা এখনো প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। নির্বাচনের আগে তাদের আটক এবং অবিলম্বে পুলিশ পর্যবেক্ষক ও বিশেষ পর্যবেক্ষক নিয়োগের জন্য তিনি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে দাবি জানিয়েছেন। প্রয়োজনে দিল্লিতে গিয়ে নির্বাচন কমিশনেও এই দাবি জানাবেন।

পিংলায় নিহত বিজেপি কর্মী ও ক্যানিংয়ে আক্রান্ত কর্মীদের পরিবারের সদস্যরাও আজ বিরোধী দলনেতার সঙ্গে রাজভবনে যান।

*******************

রাজ্যের দু'টি বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে প্রার্থীর নাম ঘোষণা করেছে বিজেপি। উত্তর ২৪ পরগণার বরানগর বিধানসভা কেন্দ্রে প্রার্থী হয়েছেন কলকাতা পুরসভার কাউন্সিলার সজল ঘোষ।

মুর্শিদাবাদের ভগবানগোলা আসনে প্রার্থী করা হয়েছে ভাস্কর সরকারকে।

তৃণমূল কংগ্রেস বিধায়ক ইদ্রিশ আলির মৃত্যুতে ভগবানগোলা এবং তাপস রায়ের পদত্যাগে বরানগর আসনটি শূণ্য হয়। তৃণমূল কংগ্রেস ছেড়ে বিজেপিতে যাওয়া তাপস রায়কে কলকাতা-উত্তর লোকসভা কেন্দ্রের প্রার্থী করেছে বিজেপি।

*******************

প্রথম দফার লোকসভা নির্বাচনে মনোনয়ন জমা দেওয়ার কাজ শেষ হচ্ছে আগামীকাল। এই পর্বে আগামী ১৯শে এপ্রিল কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কেন্দ্রে ভোটগ্রহণ।

কোচবিহার লোকসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী পিয়া রায় চৌধুরী আজ জেলাশাসকের দপ্তরে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এদিকে, জলপাইগুড়ি কেন্দ্রের বিজেপি প্রার্থী জয়ন্ত কুমার রায়ও আজ মনোনয়ন জমা দেন। দলের জেলা সভাপতি ও নির্বাচনী এজেন্টকে সঙ্গে নিয়ে জেলা নির্বাচনী আধিকারিকের দপ্তরে যান তিনি।

*******************

নদীয়ার শান্তিপুরের আরবান্দি এলাকায় নাবালিকা ধর্ষণের অভিযোগকে কেন্দ্র করে রাজনৈতিক উত্তাপ বাড়ছে। গত সন্ধ্যায় নিজের বাড়ির গোয়ালঘরে মেয়েটিকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। কান্না শুনে আশপাশের মানুষ ছুটে এসে তাকে হাসপাতালে নিয়ে যায়। অভিযুক্তকে ইতমধ্যেই গ্রেপ্তার করেছে পুলিশ।
ঘটনার প্রতিবাদে বিজেপির পক্ষ থেকে আজ বিকেলে ১২ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়। তাঁদের দাবী, শাসক দলের স্থানীয় এক নেতার ছেলে এই ঘটনায় জড়িত।
অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের বক্তব্য, এধরণের ঘটনায় রাজনীতি টেনে আনান ঠিক নয়। অপরাধীর শাস্তির দাবী করেছে তারাও।
আগামীকাল এই ইস্যুতে দক্ষিণ সাংগঠনিক জেলায় বিক্ষোভ দেখানো হবে বলে জানিয়েছেন, স্থানীয় বিজেপি বিধায়ক পার্থসারথী চট্টোপাধ্যায়।

*******************

নির্বাচনকে কেন্দ্র করে রাজ্যের একাধিক জায়গা থেকে গন্ডগোলের খবর পাওয়া গেছে।
দক্ষিণ ২৪ পরগণার গোসাবার কুমিরমারি এলাকায় বিজেপি ও তৃণমূল কংগ্রেস সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধে। আহত হন অন্ততঃ তিনজন। তাঁদের মধ্যে তৃণমূল কংগ্রেস কর্মী বুবাই মন্ডলকে গুরুতর জখম অবস্থায় ছোট মোল্লাখালি প্রাথমিক হাসপাতালে ভর্তি করা হয়। এই ঘটনায় দুই বিজেপি কর্মীকে গ্রেপ্তার করে পুলিশ। যদিও বিজেপির দাবী, এলাকায় দলীয় পতাকা লাগানোর সময় তাদের কর্মীদের ওপর হামলা চালায় তৃণমূল কংগ্রেসের লোকজন। গুরুতর আহত হন দলের দুই কর্মী। হাসপাতালে ভর্তি করতে হয়েছে তাদের।
মুর্শিদাবাদের বহরমপুরে সাঁটুই গ্রাম পঞ্চায়েতের কাঠালিয়া এলাকায় বিজেপি কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্যার স্বামী ও তার দলবলের বিরুদ্ধে।
অন্যদিকে, কোচবিহার জেলার দিনহাটার বুড়িরহাট দু-নম্বর গ্রাম পঞ্চায়েতের এক সদস্যার স্বামীকে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করার অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে।
( গুরুতর জখম অবস্থায় তিনি হাসপাতালে চিকিৎসাধীন। যদিও বিজেপির দাবী, শাসক দলের গোষ্ঠীদ্বন্দ্বের জেরেই এই ঘটনা। )

*******************

লোকসভা নির্বাচন নিয়ে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ সম্প্রচার করবে বিশেষ আলোচনা ‘জনমত ২০২৪’। শোনা যাবে আগামী বৃহস্পতিবার রাত ৮টায়, গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গে। আলোচনায় অংশ নিয়েছেন দুই রাজনৈতিক বিশ্লেষক, রাষ্ট্রবিজ্ঞানী বিশ্বনাথ চক্রবর্তী ও সাংবাদিক শুভাশিস মৈত্র। সঞ্চালনায় সংযুক্তা সিংহ।

*************************************************************